

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 02-06-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

.....

**CEO :**

সারা দেশের সঙ্গে আগামী চৌঠা জুন রাজ্যের দুটি লোকসভা আসনে ভোট গণনা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদন করার লক্ষ্যে গতকাল রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়ালের পৌরহিত্যে আগরতলায় এক সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয়। বৈঠকে শ্রী আগরওয়াল বলেন, ঐদিন রামনগর বিধানসভা আসনের উপনির্বাচনের ভোট গণনাও সম্পন্ন হবে। রাজ্যের মোট ২০টি স্থানে ৬০টি গণনাকেন্দ্রে সকাল ৮টা থেকে ভোটগণনা শুরু হবে। রাজ্যের প্রতিটি গণনা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে ১৪৪ ধারা বলবৎ থাকবে। সর্বদলীয় বৈঠকে উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উষাজেন মগ ও শুভাশিস বন্দ্যোপাধ্যায় এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ।

\*\*\*\*\*

**Election -7th phase**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ পর্যায়ের ভোটগ্রহণ গতকাল শেষ হয়েছে। এই পর্বে সাতটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৫৭টি সংসদীয় আসনের জন্য ভোটগ্রহণ করা হয়। শেষ খবর পাওয়া পর্যন্ত ভোটের হার ৬২.৩৬ শতাংশ। সপ্তম পর্বের নির্বাচনে মোট ৯০৪জন প্রার্থীর মধ্যে রয়েছেন প্রধানমন্ত্রী ও বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদি, বিজেপি নেতা অনুরাগ ঠাকুর, রবি শঙ্কর প্রসাদ এবং কঙ্গনা রানাউত, কংগ্রেস নেতা মনীশ তিওয়ারি ও বিক্রমাদিত্য সিং, আরজেডি নেতা মিসা ভারতী, এবং তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জী। উল্লেখ্য, সাতটি পর্বের এই নির্বাচন গত ১৯শে এপ্রিল শুরু হয়। মোট সাতটি পর্বেরই ভোট গণনা হবে আগামী চৌঠা জুন মঙ্গলবার।

\*\*\*\*\*

### Counting - Gomati

আগামী ৪ঠা জুন পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনএর অন্তর্গত গোমতী জেলায় ভোট গণনা প্রক্রিয়া নিয়ে গতকাল উদয়পুরে জেলাশাসকের কনফারেন্স হলে গোমতী জেলার জেলাশাসক ও সমাহর্তা তড়িৎ কান্তি চাকমার পৌরোহিত্যে সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন গোমতি জেলার পুলিশ সুপার নমিত পাঠক, অতিরিক্ত জেলাশাসক সুমিত লোধ সহ অন্যান্য আধিকারিকগণ। সাংবাদিক সম্মেলনে শ্রী চাকমা বলেন গণনার দিন গোমতী জেলায় চারটি বিধানসভা কেন্দ্রে উদয়পুর রমেশ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, অমরপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও করবুক এইচ ডি এম অফিসে ভোট গণনা নিয়ে বেশ কিছু বিধি নিষেধ জারি করা হয়েছে। গণনা ৪ঠা জুন সকাল ৮ টা থেকে গণনা শুরু হবে বলে তিনি জানান। তাছাড়া গণনা কেন্দ্রে সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের আচরণ বিধি সম্পর্কে ও শ্রী চাকমা অবগত করেন ।

\*\*\*\*\*

### Loknath tirodhan dibos:

প্রতি বছরের মত এইবছর ও বাবা লোকনাথ ব্রহ্মচারীর তিরোধান দিবস উপলক্ষে রাজ্যের লোকনাথ মন্দির গুলোতে আজ উৎসবের আয়োজন করা হয়েছে। লক্ষীনারায়ণ বাড়িস্থিত লোকনাথ মন্দিরে ১৩৪ তম তিরোধান দিবস উপলক্ষে আজ সকাল থেকেই পূজা শুরু হয়েছে। পাশাপাশি রয়েছে অন্নভোগের ব্যবস্থাও। তাছাড়া গতকাল সন্ধ্যায় লোকনাথ বাবার প্রতিকৃতি নিয়ে একটি মিছিল শহর পরিক্রমা করে। এছাড়া সম্প্রতি রক্তদান শিবির ও বৃদ্ধাশ্রমে ফল মিষ্টি বিতরণ করেন মন্দির কতৃপক্ষ।

\*\*\*\*\*

### Prayas at Sabroom:

ত্রিপুরা পুলিশের ১৫০ বছর পূর্তি উপলক্ষে গতকাল সাব্রুমের অটো স্ট্যান্ড প্রয়াস কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচি অনুযায়ী বাল্যবিবাহ বন্ধ করা,

নেশার কবল থেকে যুব সমাজকে রক্ষা করা এবং সড়ক সুরক্ষা আইন সম্পর্কে সচেতন করা হয়। সাব্রুম মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার, সাব্রুম থানার অফিসার ইনচার্জ অপু দাস, সাব্রুম চেম্বার অফ কমার্সের সভাপতি শুভঙ্কর দেবনাথ প্রমুখ উপস্থিত ছিলেন। সমাজে অপরাধ প্রবণতা কমানোর লক্ষ্যেই এই কর্মসূচি বলে জানান সাব্রুম মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার। প্রয়াস কর্মসূচির মাধ্যমে মানুষকে সচেতন করার চেষ্টা চালাচ্ছে বলে জানিয়ে মহকুমা পুলিশ আধিকারিক বলেন সড়ক দুর্ঘটনা ঠেকাতে হলে রাজ্যের প্রতিটি মানুষকে সচেতন হতে হবে। নয়তো এই দুর্ঘটনা কোনভাবেই থামানো সম্ভব নয়।

\*\*\*\*\*

#### **Psychiatric hospital :**

নরসিংগড়ের আধুনিক মানসিক হাসপাতালটিকে ১০০ শয্যা বিশিষ্ট অত্যাধুনিক হাসপাতালে উন্নীত করে তোলার পরিকল্পনা গ্রহণ করতে চলেছে রাজ্য সরকার। গতকাল মডার্ন সাইক্রিয়াটিক হাসপাতালটি পরিদর্শনকালে একথা বলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে। পরিদর্শনের সময় জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা রাজীব দত্ত, স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত স্বাস্থ্য অধিকর্তা ডাঃ সঞ্জীব কুমার দেববর্মা, জিবি হাসপাতালের ভারপ্রাপ্ত মেডিক্যাল সুপার ডাঃ কনক চৌধুরী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Womens Cricket:**

রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সদরের আন্তঃ স্কুল বালিকাদের টি-২০ ক্রিকেটে আজ থেকে শুরু হচ্ছে। সকাল পৌনে ৯টায় পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে বড়দোয়ালি স্কুল খেলবে নন্দননগর স্কুলের বিরুদ্ধে, একই মাঠে দুপুর সোয়া ১টায় গতবারের চ্যাম্পিয়ন প্রণবানন্দ বিদ্যাভবন খেলবে আসাম রাইফেলস পাবলিক স্কুলের বিরুদ্ধে। এছাড়া সকাল পৌনে ৯ টায় নরসিংগড় পঞ্চায়েত মাঠে প্রাচ্য ভারতী স্কুল খেলবে ভবনস ত্রিপুরা বিদ্যামন্দিরের বিরুদ্ধে।

\*\*\*\*\*

**Weather:**

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আজ আকাশ প্রধানত মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৭ ডিগ্রির কাছাকাছি। বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের কোনো সম্ভাবনা নেই বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

\*\*\*\*\*

\*\*\*\*\*